দৈনিক সংবাদ

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# আমতলীতে কলেজ ছাত্রীকে রক্ষা করলেন অধ্যক্ষ নিজে

আমতলী থেকে সংবাদদাতা ঃ আরেক গাইবান্ধা ট্র্যাজেডির হাত থেকে কলেজছাত্রীকে রক্ষা করলেন ওই কলেজের অধ্যক্ষ। ঘটনাটি ঘটেছে আমতলী ডিগ্রি কলেজে বুধবার সকালে।

দ্বাদশ শ্রেণীর ছাত্র জুয়েল একই বর্ষের এক ছাত্রীর সঙ্গে জোরপূর্বক প্রেম নিবেদন করতে চাইলে ছাত্রী তা প্রত্যাখ্যান করে। এতে সে ক্ষিপ্ত হয়ে ওঠে। বুধবার সকালে কলেজ ক্যাম্পাসে জুয়েল মেয়েটির হাত ধরে বলে 'তুই আমার সাথে প্রেম করবি, না হয় অ্যাসিড মেরে তোর মুখ ঝলসে দেব।' মেয়েটি ভীত হয়ে অধ্যক্ষের কক্ষে দৌড়ে আশ্রয় নেয়। অধ্যক্ষ আ. সোবহান মিয়া ঘটনাটি শুনে তাৎক্ষণিকভাবে আমতলী থানায় টেলিফোন করলে পুলিশ কলেজ থেকে জুয়েলকে গ্রেফতার করে।